# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৭৮৩

২০. হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ২৫. যে ধরনের শিকার মুহরিম খাইতে পারে না

## بَاب مَا لَا يَحِلُّ لِلْمُحْرِمِ أَكْلُهُ مِنْ الصَّيْدِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ أَنَّهَا قَالَتْ لَهُ يَا ابْنَ أُخْتِي إِنَّمَا هِيَ عَشْرُ لَيَالٍ فَإِنْ تَخلَّجَ فِي نَفْسِكَ شَيْءٌ فَدَعْهُ تَعْنِي أَكْلَ لَحْمِ الصَّيْدِ قَالَ مَالِك فِي الرَّجُلِ الْمُحْرِمِ يُصَادُ مِنْ أَجْلِهِ صَيْدٌ فَيُصنَعُ لَهُ ذَلِكَ الصَّيْدُ فَيَأْكُلُ مِنْهُ وَهُوَ يَعْلَمُ أَنَّهُ مِنْ أَجْلِهِ صِيدَ فَإِنَّ عَلَيْهِ جَزَاءَ ذَلِكَ الصَّيْدِ كُلِّهِ وَسُئِلَ مَالِك عَنْ الرَّجُلِ يُضْطَرُّ إِلَى أَكْلِ الْمَيْتَةِ وَهُوَ مُحْرِمٌ أَيَصِيدُ الصَّيْدَ فَيَأْكُلُهُ أَمْ يَأْكُلُ الْمَيْتَةَ فَقَالَ بَلْ يَأْكُلُ الْمَيْتَةَ وَذَلِكَ أَنَّ اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى لَمْ يُرَخِّصْ لِلْمُحْرِمِ فِي أَكْلِ الصَّيْدِ وَلَا فِي أَخْذِهِ فِي حَالٍ مِنْ الْأَحْوَالِ وَقَدْ أَرْخَصَ فِي الْمَيْتَةِ عَلَى حَالِ الضَّرُورَةِ قَالَ مَالِك وَأَمَّا مَا قَتَلَ الْمُحْرِمُ أَوْ ذَبَحَ مِنْ الصَّيْدِ فَلَا يَحِلُّ أَكْلُهُ لِحَلَالٍ وَلَا لِمُحْرِمٍ لِأَنَّهُ لَيْسَ بِذَكِيٍّ كَانَ خَطَأً أَوْ عَمْدًا فَأَكْلُهُ لَا يَحِلُّ وَقَدْ سَمِعْتُ ذَلِكَ مِنْ غَيْرِ وَاحِدٍ وَالَّذِي يَقْتُلُ الصَّيْدَ ثُمَّ يَأْكُلُهُ إِنَّمَا عَلَيْهِ كَفَّارَةٌ وَاحِدَةٌ مِثْلُ مَنْ قَتَلَهُ وَلَمْ يَأْكُلْ مِنْهُ

বাংলা

রেওয়ায়ত ৮৮. উরওয়াহ ইবনে যুবায়র (রহঃ) বর্ণনা করেন, উম্মুল মু’মিনীন আয়েশা (রাঃ) তাহাকে বলিয়াছেনঃ ভ্রাতুস্পুত্র, ইহরামের মাত্র দশটা দিন বাকি। মনে যদি দ্বিধা-সন্দেহের সৃষ্টি হয়, তবে শিকারের মাংস খাওয়া এই কয়দিন একেবারেই ছাড়িয়া দাও।

মালিক (রহঃ) বলেনঃ মুহরিম ব্যক্তির নিয়তে কোন প্রাণী শিকার করা হইয়া থাকিলে, আর ঐ ব্যক্তি উহা জানা থাকা সত্ত্বেও যদি উক্ত শিকার ভক্ষণ করে, তবে তাহাকে উহার পরিবর্তে বদলা আদায় করিতে হইবে।

মালিক (রহঃ) বলেনঃ মালিক (রহঃ)-কে জিজ্ঞাসা করা হইল- যদি খাদ্যাভাবের দরুন মুহরিম ব্যক্তির জন্য

মৃত পশু খাওয়া জায়েয হয়, এমতাবস্থায় সে মৃত প্রাণী খাইবে, না শিকারকৃত প্রাণী আহার করিবে? তিনি বললেনঃ সে মৃত প্রাণী আহার করবে। কারণ আল্লাহ্ তা'আলা কালামে পাকে উপায়হীন অবস্থায় মৃত প্রাণী খাওয়ার অনুমতি দিয়াছেন, পক্ষান্তরে মুহরিমের জন্য কোন অবস্থায়ই শিকারকৃত প্রাণী আহার করা অনুমতি প্রদান করেন নাই।

মালিক (রহঃ) বলেনঃ মুহরিম যদি কোন প্রাণী শিকার করে বা ঐ জাতীয় প্রাণী যবেহ করে, তবে উহা খাওয়া মুহরিম বা হালাল (যিনি ইহরাম অবস্থায় নাই) কোন ব্যক্তির জন্যই জায়েয নহে। কেননা শরীয়তের দৃষ্টিতে উহা যবেহ বলিয়া গণ্য হয় না।

মালিক (রহঃ) বলেন, শিকার করিয়া সে নিজে আহার করুক বা শিকার করার পর নিজে আহার না করুক, উভয় অবস্থায়ই তাহাকে একই ধরনের কাফফারা দিতে হইবে।

## English

Yahya related to me from Malik, from Hisham ibn Urwa, from his father, that A'isha, umm al-muminin, said to him, "Son of my sister, it is only for ten nights, so if you get an urge to do something, leave it," by which she meant eating game-meat.

Malik said that if game was hunted forthe sake of a man who is in ihram and it was prepared for him and he ate some of it knowing that it had been hunted for his sake, then he had to pay a forfeit for all of the game that had been hunted on his behalf.

Malik was asked about whether someone who was forced to eat carrion while he was in ihram should hunt game and then eat that rather than the carrion, and he said, "It is better for him to eat the carrion, because Allah, the Blessed and Exalted, has not given permission for someone in ihram to either eat game or take it in any situation, but He has made allowances for eating carrion when absolutely necessary."

Malik said, "It is not halal for anyone, whether in ihram or not, to eat game which has been killed or sacrificed by some one in ihram, because, whether it was killed deliberately or by mistake, it was not done in a halal manner, and so eating it is not halal. I have heard this from more than one person. Somebody who kills game and then eats it only has to make a single kaffara, which is the same as for somebody who kills game but does not eat any of it."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 􏰀 বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=73679

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন